# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

www.lged.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২.০০০০.৬২৩.১৮.০০১.(০২).১২/ ৩০৬

তারিখ: ১০/১২/২০১৯

বিষয় : **এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরামের ৪৩তম সভার কার্যবিবরণী।**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের জেন্ডার ও উন্নয়ন ফোরামের ৪৩তম সভা গত ২১ নভেম্বর ২০১৯ বিকাল ০৩.০০ ঘটিকায় এলজিইডি ভবন (লেভেল-০৪) এ অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ আহসান হাবিব, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মনিটরিং, অডিট, প্রকিউরমেন্ট ও আইসিটি) এবং সভাপতি, এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা সংযুক্তি-১ এ সংযোজন করা হলো।

সভায় নিচে বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্যসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। | জনাব সালমা শহীদ, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি এবং সদস্য-সচিব জেন্ডার ও উন্নয়ন ফোরাম ৪২তম সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| ২। অগ্রগতি পর্যালোচনা। | ২.১ সদস্য-সচিব জানান, "জেন্ডার সমতা বিষয়ক কর্মপরিকল্পনা ২০১৬-২০২১" সদর দপ্তর পর্যায়ে বিতরণ সম্পন্ন হয়েছে। এলজিইডির প্রশাসন শাখা হতে বিভাগ, অঞ্চল, জেলা এবং উপজেলা পর্যায়ে এর কপি পাঠানোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম। |
| | ২.২ সদস্য-সচিব জনাব সালমা শহীদ সংশোধিত কর্মপরিকল্পনা অনুযায়ী খসড়া মনিটরিং ফরমেট চুড়ান্ত করার বিষয়ে 'ফরমেট চুড়ান্তকরণ কমিটি'র সভাপতি জনাব গোপালচন্দ্র দেবনাথ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএম-পিএন্ডডি) এর দৃষ্টি আকর্ষণ করলে তিনি শিঘ্রই কমিটির সদস্যদের নিয়ে বসবেন বলে জানান। মনিটরিং ফরমেট হালনাগাদ করার বিষয়ে সভাপতি কিছু দিক নির্দেশনা প্রদান করেন। | জনাব গোপালচন্দ্র দেবনাথ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএম-পিএন্ডডি) |
| | ২.৩ সভায় এডিবি অর্থায়নে কারিগরি সহায়তা প্রকল্পের বর্তমান অবস্থা সম্পর্কে জানতে চাওয়া হলে সদস্য-সচিব জানান, TAPP টি পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন আছে। | সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম। |
| | ২.৪ জনাব উজ্জ্বল ত্রিপুরা, সি:সহ:প্র:, এসএসডব্লিউআরডিপি-II-কে জেন্ডার ও উন্নয়ন ফোরামের সদস্য হিসেবে কো-আপ্ট করার বিষয়ে প্রস্তাব করা হয় এবং তাকে ফোরামের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হয়। | |
| | ২.৫ এক প্রশ্নের জবাবে সদস্য-সচিব জানান যে, নারী পুরুষ নির্বিশেষে সব কর্মকর্তার অফিসিয়াল সম্বোধন "স্যার" করার বিষয়টি এখনো বাস্তবায়ন করা সম্ভব হয়নি। সভাপতি বিষয়টি নিশ্চিত করার অনুরোধ জানান। | সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম। |
| | ২.৬ আরটিআইপি-II এর সিনিয়র সহকারী প্রকৌশলী আবিনাশ হোসনে আরা ওই প্রকল্পের হিসাবরক্ষকের দ্বারা অপমানিত হওয়ায় বিষয়ে সদস্য-সচিব বলেন, প্রশাসন শাখা এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করেছে, যা প্রক্রিয়াধীন আছে। প্রকল্প পরিচালক, PROVATI বলেন, এধরনের অপরাধের ক্ষেত্রে যথাযোগ্য শাস্তি হওয়া প্রয়োজন। প্রকল্প পরিচালক, HFMLIP এতে এমকমত পোষণ করেন। | |
| | ২.৭ সভায় এলজিইডি সদর দপ্তরে নারীদের টয়লেট, ফ্লোর পরিস্কার-পরিচ্ছন্ন রাখা এবং এলজিইডি ভবনের বিভিন্ন ফ্লোরে নারী কর্মকর্তাদের জন্য নির্ধারিত টয়লেট পুরুষ কর্মকর্তা কর্তৃক ব্যবহারের বিষয়টি নিয়ে আলোচনা হয়। সদস্য-সচিব জানান পরিস্কার পরিচ্ছন্নতার জন্য স্পেস বরাদ্দ ও পরিস্কার-পরিচ্ছন্ন কমিটি কর্তৃক সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদের দায়িত্ব দেয়া হয়েছে। সভাপতি সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদের তালিকা সংগ্রহ করার অনুরোধ জানান। | সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম। |
| | ২.৮ সদস্য-সচিব জানান জেন্ডার ও উন্নয়ন ফোরামের কাজের সহায়তা করার জন্য নিয়োজিত সোসিওলজিষ্ট জনাব মাফরুদা পারভীন সাতদিন যাবৎ হাসপাতালে ভর্তি আছেন। ফোরামে আরও একজন লোকের প্রয়োজন। সভাপতি তার অনুপস্থিতিতে কাজ চালানোর জন্য মোসাঃ সাবিরা মাহবুব, ফিসারিজ ফ্যাসিলিটেটর, SSSWRDP, যিনি মিডিয়া ইউনিট-এ সংযুক্ত, তাকে কাজ করার সিদ্ধান্ত প্রদান করেন। | মোসাঃ সাবিরা মাহবুব, ফিসারিজ ফ্যাসিলিটেটর, SSSWRDP প্রকল্প। |

| | | |
|---|---|---|
| ...ভার মার্কার ওয়ার্কশপ সংক্রান্ত আলোচনা। | আগামী ২৮/১১/২০১৯ইং তারিখে NRP প্রকল্পের আর্থিক সহায়তায় জেন্ডার মার্কার ওয়ার্কশপ অনুষ্ঠিত হবে বলে সদস্য-সচিব সভায় জানান। জনাব গোপালচন্দ্র দেবনাথ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএম-পিএন্ডডি) উল্লেখ করেন ওয়ার্কশপটি অনুষ্ঠিত হওয়ার পূর্বে এটার ডকুমেন্টস সবার কাছে থাকা প্রয়োজন।<br><br>সভাপতি জেন্ডার ও উন্নয়ন ফোরামের সকল সদস্য এবং এসংক্রান্ত ওয়ার্কিং গ্রুপের সব সদস্যকে নির্ধারিত দিনে কর্মশালায় সক্রিয় অংশগ্রহণের অনুরোধ জানান। | প্রকল্প পরিচালক, NRP।<br>সদস্য-সচিব,<br>জেন্ডার ও উন্নয়ন ফোরাম। |
| ৪। বিবিধ | সদস্য-সচিব আগামী নারী দিবস'২০২০ উদযাপনের বিষয়টি সভায় উপস্থাপন করেন এবং ফোরামের সদস্য সৈয়দা আসমা খাতুনকে অভিজ্ঞতার আলোকে এবিষয় সম্পর্কে সভায় জানানোর অনুরোধ করেন। সৈয়দা আসমা খাতুন, উপ-প্রকল্প পরিচালক সিসিআরআইপি জানান:<br>প্রথমত- সেক্টর ওয়ারী তথ্য সংগ্রহের জন্য প্রধান প্রকৌশলী মহোদয়ের স্বাক্ষরে পত্র জেলা পর্যায়ে প্রেরণ করা হয়।<br>দ্বিতীয়ত- সুবিধাবঞ্চিত আত্মনির্ভরশীল নারীদের তথ্য জেলা হতে সংগ্রহ করা।<br>তৃতীয়ত- সেক্টরওয়ারী কমিটি গঠন করা।<br><br>তিনি তথ্য ফরমেট পুনরায় দেখার অনুরোধ জানান। তিনি বলেন, গতবার তথ্য ফরমেট নিয়ে অনেকে দ্বিমত পোষণ করেছিলেন।<br><br>জনাব সোনিয়া নওরিন, সি:সহ:প্র:, এমজিএসপি বলেন, বিগত বছরগুলোতে দেখা গেছে অনুষ্ঠানের দিন বিভিন্ন কারণে অনাকাংখিতভাবে অনুষ্ঠানের সময় হ্রাস পায় ফলে মূলত যে সকল আত্মনির্ভরশীল নারীদের জন্য অনুষ্ঠানের আয়োজন তাদের অংশগ্রহণ কমাতে হয়, এ বিষয়ে নজর দেয়া প্রয়োজন।<br><br>এ বিষয়ে বিষদ আলোচনার পর সভাপতি বলেন, ২০১০ সাল হতে এলজিইডি আন্তর্জাতিক নারী দিবস উদাযপন করে আসছে। বিগত বছরগুলোতে শ্রেষ্ঠ আত্মনির্ভরশীল সম্মাননাপ্রাপ্ত নারীদের অংশগ্রহণ; নারী দিবসে যে মেলা অনুষ্ঠিত হতো এবার হতে সেটা পুনরায় চালু করা; এছাড়া বরাবরের মতো ব্রশিওর, ফটোগ্যালারী, ভিডিও ডকুমেন্টরী প্রদর্শন এবং পুরো অনুষ্ঠানের ভিডিও করার বিষয়ে মত প্রদান করেন। যেহেতু ৮মার্চ নারী দিবস আর ১৭ মার্চ জাতির জনক বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী পালিত হবে। সেপ্রেক্ষিতে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে ফোরামের কর্মকান্ডের সাথে একিভূত করে নারী দিবস উদযাপন করা যায় কিনা সে বিষয়ে সভাপতি সকলের মতামত জানতে চান। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএম-পিএন্ডডি) এর নেতৃত্বে এ সংক্রান্ত একটি কমিটি গঠন করা হয়। কমিটির অন্য সদস্যরা হলেন:<br>জনাব সৈয়দা আসমা খাতুন, উপ-প্রকল্প পরিচালক, সিসিআরআইপি, জনাব সালমা শহীদ, নির্বাহী প্রকৌশলী, জনাব মোঃ নাজমুল হাসান, উপ-প্রকল্প পরিচালক, NRP, জনাব রায়হান, সহ:প্র: HFLMIP, জনাব মৌসুমী সালমিন, সি:সহ:প্র:, এসএসডব্লিউআরডিপি-।।, জনাব সোনিয়া নওরিন, সি:সহ:প্র:, এমজিএসপি, জনাব উজ্জ্বল ত্রিপুরা, সি:সহ:প্র:, এসএসডব্লিউআরডিপি-।।, কমিটি শ্রেষ্ঠ আত্মনির্ভরশীল নারী নির্বাচনের জন্য তথ্য ফরমেট ও Evaluation criteria আছে সেটা আপডেট করাসহ নারী দিবস ২০২০ উদযাপন বিষয়ে নতুন পরামর্শ অতিসত্ত্বর প্রদান করাসহ সকল কাজে সহায়তা করবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএম-পিএন্ডডি)।<br>জনাব সৈয়দা আসমা খাতুন, উপ-প্রকল্প পরিচালক, সিসিআরআইপি।<br>জনাব মোঃ নাজমুল হাসান, উপ-প্রকল্প পরিচালক, NRP।<br>জনাব রায়হান, সহ:প্র: HFLMIP।<br>জনাব মৌসুমী সালমিন, সি:সহ:প্র:, এসএসডব্লিউআরডিপি-।।।<br>জনাব সোনিয়া নওরিন, সি:সহ:প্র:, এমজিএসপি।<br>জনাব উজ্জ্বল ত্রিপুরা, সি:সহ:প্র:, এসএসডব্লিউআরডিপি-।।।<br>সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম। |

সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আহসান হাবিব)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
(মনিটরিং, অডিট, প্রকিউরমেন্ট, আইসিটি ও জেন্ডার)
এবং
সভাপতি
এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম।

বিতরণঃ ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সড়ক ও ভবন ডিজাইন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সড়ক বাস্তবায়ন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।

০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর পরিকল্পনা ও নগর অবকাঠামো উন্নয়ন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইডব্লিউআরএম(পিএন্ডডি), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৭। প্রকল্প পরিচালক, এসএসডব্লিউআরডিপি(জাইকা-II), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৮। প্রকল্প পরিচালক, প্রভাতী৩, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৯। প্রকল্প পরিচালক, সিটিইআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১০। প্রকল্প পরিচালক, ইউজিআইআইপি-III, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১১। প্রকল্প পরিচালক, এইচএফএমএলআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১২। জনাব সৈয়দা আসমা খাতুন, উপ-প্রকল্প পরিচালক, সিসিআরআরআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৩। নির্বাহী প্রকৌশলী (প্রশিক্ষণ), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৪। জনাব সালমা শহীদ, নির্বাহী প্রকৌশলী এবং সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৫। জনাব উজ্জ্বল ত্রিপুরা, সিনিয়র সহকারী প্রকৌশলী, এসএসএসডব্লিউআরডিপি-II, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৬। জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এমজিএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৭। জনাব মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এসএসএসডব্লিউআরডিপি-II, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৮। জনাব হোসনে আরা, সিনিয়র সহকারী প্রকৌশলী, পিইডিপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৯। জনাব ফারহানা লিমা, সিনিয়র সহকারী প্রকৌশলী, নগর ব্যবস্থাপনা ইউনিট, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২০। জনাব রাহেনা বানু, সিনিয়র সহকারী প্রকৌশলী, আরসিআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২১। জনাব আমিনুর রহমান, সিনিয়র সহকারী প্রকৌশলী (আইডব্লিউআরএম), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২২। জনাব সোহানা পারভীন, সিনিয়র সহকারী প্রকৌশলী (পিএমএন্ডই ইউনিট), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৩। জনাব হুমায়রা হাবিব তাসমি, সহকারী প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৪। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মনিটরিং, অডিট, প্রকিউরমেন্ট, আইসিটি ও জেন্ডার), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।